

## সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫২৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৭]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ১৭: 'ইশার প্রথম ওয়াক্ত প্রসঙ্গ

### أول وقت العشاء

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنْ حُسَيْنِ بْنِ عَلِيٍّ بْنِ حُسَيْنٍ، قَالَ: أَخْبَرَنِي وَهْبُ بْنُ كَيْسَانَ، قَالَ: حَدَّثَنَا جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ، قَالَ: جَاءَ جَبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ زَالَتِ الشَّمْسُ، فَقَالَ: قُمْ يَا مُحَمَّدُ فَصَلِّ الظُّهْرَ حِينَ مَالَتِ الشَّمْسُ، ثُمَّ مَكَثَ حَتَّى إِذَا كَانَ فِيءُ الرَّجُلِ مِثْلَهُ جَاءَهُ لِلْعَصْرِ، فَقَالَ: قُمْ يَا مُحَمَّدُ فَصَلِّ الْعَصْرَ، ثُمَّ مَكَثَ حَتَّى إِذَا غَابَتِ الشَّمْسُ جَاءَهُ، فَقَالَ: قُمْ فَصَلِّ الْمَغْرِبَ فَقَامَ فَصَلَّاهَا حِينَ غَابَتِ الشَّمْسُ سَوَاءً، ثُمَّ مَكَثَ حَتَّى إِذَا زَهَبَ الشَّفَقُ جَاءَهُ، فَقَالَ: قُمْ فَصَلِّ الْعِشَاءَ فَقَامَ فَصَلَّاهَا، ثُمَّ جَاءَهُ حِينَ سَطَعَ الْفَجْرُ فِي الصُّبْحِ، فَقَالَ: قُمْ يَا مُحَمَّدُ فَصَلِّ فَقَامَ فَصَلَّى الصُّبْحَ، ثُمَّ جَاءَهُ مِنَ الْغَدِ حِينَ كَانَ فِيءُ الرَّجُلِ مِثْلَهُ، فَقَالَ: قُمْ يَا مُحَمَّدُ فَصَلِّ الظُّهْرَ، ثُمَّ جَاءَهُ جَبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ حِينَ كَانَ فِيءُ الرَّجُلِ مِثْلِيهِ، فَقَالَ: قُمْ يَا مُحَمَّدُ فَصَلِّ الْعَصْرَ، ثُمَّ جَاءَهُ لِلْمَغْرِبِ حِينَ غَابَتِ الشَّمْسُ وَقَتًا وَاحِدًا لَمْ يَزُلْ عَنْهُ، فَقَالَ: قُمْ فَصَلِّ الْمَغْرِبَ، ثُمَّ جَاءَهُ لِلْعِشَاءِ حِينَ زَهَبَ ثُلُثُ اللَّيْلِ الْأَوَّلِ، فَقَالَ: قُمْ فَصَلِّ الْعِشَاءَ، ثُمَّ جَاءَهُ لِلصُّبْحِ حِينَ أَسْفَرَ جِدًّا، فَقَالَ: قُمْ فَصَلِّ الصُّبْحَ، فَقَالَ: مَا بَيْنَ هَذَيْنِ وَقْتُ كُلُّهُ .

تخريج دارالدعوة: وقد أخرجه: سنن الترمذی/الصلاة ١ (١٥٠) نحوه، (تحفة

الأشراف: ٣١٢٨)، مسند أحمد ٣/٣٣٠، ٣٣١ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 527 - صحيح

## বাংলা

৫২৬. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) ..... জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সূর্য ঢলে পড়ার পর জিবরীল আলায়হিস সালাম নবী (সা.) -এর কাছে এসে বললেন, হে মুহাম্মাদ (সা.)! আপনি দাঁড়ান, সূর্য মাথার উপর হতে ঢলে পড়লে যুহরের সালাত আদায় করুন। তারপর এতটুকু বিলম্ব করলেন যে, মানুষের ছায়া যখন তার সমান হল তখন 'আসরের সালাতের জন্যে তাঁর নিকটে এসে বললেন, হে মুহাম্মাদ (সা.)! 'আসরের সালাত আদায় করুন। আবার বেশ দেরী করে সূর্য অস্ত যাওয়ার পরে এসে বললেন, মাগরিবের সালাত আদায় করুন। নবী (সা.) দাঁড়ালেন এবং সূর্য অস্ত যাওয়ার সাথে সাথেই মাগরিবের সালাত আদায় করলেন। পুনরায় অপেক্ষা করলেন এবং আকাশের লালিমা অদৃশ্য হয়ে গেলে, তিনি এসে বললেন, 'ইশার সালাত আদায় করুন। তারপর তিনি দাঁড়িয়ে 'ইশার সালাত আদায় করলেন। যখন স্পষ্টভাবে ভোর হল তখন এসে বললেন, হে মুহাম্মাদ (সা.)! ফজরের সালাত আদায় করুন। তিনি ফজরের সালাত আদায় করলেন। পরের দিন ছায়া মানুষের বরাবর হলে আবার এসে বললেন, হে মুহাম্মাদ (সা.)! আপনি দাঁড়ান এবং সালাত আদায় করুন। পরে তিনি যুহরের সালাত আদায় করলেন। মানুষের ছায়া যখন দ্বিগুণ হল জিবরীল আলায়হিস সালাম আবার আসলেন এবং বললেন, উঠে সালাত আদায় করুন এবং তিনি 'আসরের সালাত আদায় করলেন। সূর্যাস্তের পরে আগের দিনের ন্যায় মাগরিবের জন্যে আবার আসলেন এবং বললেন, উঠে সালাত আদায় করুন। তারপর তিনি মাগরিবের সালাত আদায় করলেন। রাতের এক-তৃতীয়াংশ অতিবাহিত হয়ে গেলে 'ইশার জন্যে আবার এসে বললেন, দাঁড়ান। সালাত আদায় করুন। তারপর 'ইশা আদায় করলেন। ভোর স্পষ্ট হওয়ার পর ফজরের সালাতের জন্যে আবার আসলেন এবং বললেন, উঠুন, সালাত আদায় করুন এবং তিনি ফজরের সালাত আদায় করলেন। অতঃপর বললেন, এ দু' দিনের সময়ের মধ্যবর্তী সময়ই সালাতের সময়।

## English

### 17. The Beginning Of The Time For 'Isha'

Jabir bin 'Abdullah said: Jibril, peace be upon him, came to the Prophet (ﷺ) when the sun had passed its zenith and said: 'Get up, O Muhammad, and pray Zuhr when the sun has passed its zenith.' Then he waited until a man's shadow was equal to his height. Then he came to him for 'Asr and said: 'Get up, O Muhammad, and pray 'Asr.' Then he waited until the sunset, then he came to him and said: 'Get up, O Muhammad, and pray Maghrib.' So he got up and prayed it when the sun had set. Then he waited until the twilight disappeared, then he came to him and said: 'Get up, O Muhammad, and pray 'Isha'.' So he got up and prayed it. Then he came to him when dawn broke and said: 'Get up, O Muhammad, and pray.' So he got up and prayed Subh.' So he got up and prayed Subh. Then he came to him the next day when a man's shadow was equal to his height, and said: 'Get up, O Muhammad, and pray.' So he prayed Zuhr. Then Jibril came to him when a man's shadow was equal to twice his length and said: 'Get up, O

Muhammad, and pray.' So he prayed 'Asr. Then he came to him for Maghrib when the sun set, at exactly the same time as the day before, and said: 'Get up, O Muhammad, and pray.' So he prayed Maghrib. Then he came to him for 'Isha' when the first third of the night had passed, and said: 'Get up and pray.' So he prayed 'Isha'. Then he came to him for Subh when it had become very bright, and said: 'Get up and pray.' So he prayed Subh. Then he said: 'The times of prayer one between those two (limits).'

## ফুটনোট

সহীহ: তিরমিযী ১৫০, মুসতাদরাক হাকিম (১/১৯৫-১৯৬)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86799>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন